

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৪২ ২৯/ দু'আ ও যিকর পরিচ্ছেদঃ সকাল-সন্ধ্যায় আল্লাহর যিকর

আরবী

وعَنْ مُعَاذِ بْنِ عَبْدِ اللهِ بْنِ خُبَيْبٍ عَنْ أَبِيهِ أَنَّهُ قَالَ خَرَجْنَا فِي لَيْلَةِ مَطَرٍ وَظُلْمَةٍ شَدِيدَةٍ نَطْلُبُ رَسُوْلَ اللهِ عَيْلِيْ لِيُصَلِّى لَنَا فَأَدْرَكْنَاهُ فَقَالَ أَصَلَيْتُمْ فَلَمْ أَقُلْ شَيْئًا فَقَالَ قُلْ فَلَمْ أَقُلْ شَيْئًا فَقَالَ قُلْ فَلَمْ أَقُلْ شَيْئًا ثُمَّ قَالَ قُلْ فَقُلْتُ يَا رَسُوْلَ اللهِ مَا أَقُولُ قَالَ (قُلْ هُوَ اللهُ أَكُلُ شَيْئًا ثُمَّ قَالَ قُطْنَتُ يَا رَسُوْلَ اللهِ مَا أَقُولُ قَالَ (قُلْ هُوَ اللهُ أَحَدٌ) وَالْمُعَوِّذَتَيْنِ حِينَ تُمْسِى وَحِينَ تُصْبِحُ ثَلاَثَ مَرَّاتٍ تَكْفِيكَ مِنْ كُلِّ شَيْءٍ

বাংলা

(৩৭৪২) মুআয বিন আব্দুল্লাহ বিন খুবাইব তাঁর পিতার নিকট হতে বর্ণনা করে বলেন, তাঁর পিতা বলেছেন, একদা আমরা বৃষ্টিময় ঘাের অন্ধকার রাত্রে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে খুঁজতে বের হলাম। উদ্দেশ্য ছিল, তিনি আমাদের নামাযের ইমামতি করবেন। আমরা তাঁকে পেয়ে নিলে তিনি বললেন, 'বল।' আমি কিছুই বললাম না। পুনরায় তিনি বললেন, 'বল।' আমি কিছুই বললাম না। তিনি আবার বললেন, 'বল।' এবারে আমি বললাম, 'হে আল্লাহর রসূল! কী বলব?' তিনি বললেন, কুল হুওয়াল্লাহু আহাদ, কুল আউযু বিরাব্বিল ফালাক ও কুল আউযু বিরাব্বিনাস' সকাল সন্ধায় তিনবার করে বল; প্রত্যেক জিনিস থেকে তাই তোমার জন্য যথেষ্ট হবে।

ফুটনোট

(আবূ দাউদ ৫০৮৪, তিরমিযী ৩৫৭৫, নাসাঈ, সহীহ তারগীব ৬৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন